



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

Dinajpur Govt. College, Dinajpur

www.dgc.edu.bd

স্থাপিত-১৯৪২



E-Mail: principal@dgc.edu.bd

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/প্রশা:/১ম বর্ষ অনার্স/ফ.পু.-২১/২০২২/১২৫(ক)

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
১২ মে ২০২২ খ্রিস্টাব্দ

২০২১ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার অনিয়মিত/মানউন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফরমপূরণের বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-জাতীঃবিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০১০/(৩১৩৬)/৫৫১৪ তারিখ: ০৯/০৫/২০২২ খ্রিস্টাব্দ মোতাবেক ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের অনিয়মিত/মানউন্নয়ন/গ্রেড উন্নয়ন শিক্ষার্থীদের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণের ফি এর বিবরণ, তারিখ ও অন্যান্য নিয়মাবলি দেয়া হলো।

ফরম পূরণের তারিখ:

আবেদন ফরমপূরণের শুরু তারিখ	আবেদন ফরমপূরণের শেষ তারিখ	ডাটা এন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ	কমিটির নিকট ০২ (দুই) সেট বিবরণী জমা দেয়ার শেষ তারিখ
১২/০৫/২০২২	০৭/০৬/২০২২	১২/০৬/২০২২	১২/০৬/২০২২

ক্র: নং	পরীক্ষা ফি এর বিবরণ	টাকা
১	তত্ত্বীয় (প্রতি পূর্ণপত্র) বিশ্ববিদ্যালয়ের ফি	২৫০.০০
২	তত্ত্বীয় (প্রতি অর্ধপত্র) বিশ্ববিদ্যালয়ের ফি	২০০.০০
৩	ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) বিশ্ববিদ্যালয়ের ফি	২৫০.০০
৪	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) বিশ্ববিদ্যালয়ের ফি	১০০.০০
৫	কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে	৪৫০.০০
৬	কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে	১২০.০০
৭	ব্যবস্থাপনা ফি কলেজে জমা হবে	৫০.০০
৮	বিশেষ অন্তর্ভুক্তি ফি (অনিয়মিত, গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্রপ্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী (বিশ্ববিদ্যালয়ের ফি)	৩০০.০০
৯	অনিয়মিত পরীক্ষার্থীদের বেতন ও পুনঃভর্তি ফি (২০১৯-২০২০ শিক্ষাবর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি)	৪৮৭.০০

১। **আবেদন ফরম সংগ্রহ ও জমাদান:** অনার্স ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/honours) থেকে প্রিন্ট করে পরীক্ষার্থী নিজে আবেদন ফরম পূরণ করার পর বিভাগ হতে ফরমের উপর টাকার পরিমাণ, স্বাক্ষর ও সীল নিবে। নির্ধারিত ফি এর রসিদ বিভাগ হতে সংগ্রহপূর্বক সাউথইস্ট ব্যাংক লিঃ, কলেজ বুথ, বিজ্ঞান ভবন-এ জমা দিয়ে জমাকৃত রসিদ ও পূরণকৃত আবেদন ফরম স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

২। **পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলি:**

(ক) **অনিয়মিত পরীক্ষার্থী জন্য:** যে সকল পরীক্ষার্থী ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী পুনঃভর্তি হয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে 'C' বা 'D' গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং 'F' গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

(খ) গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য:

- ২০১৯ সালের অনার্স ১ম বর্ষে যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীদের শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে 'F' গ্রেড রয়েছে তারা ২০২০ সালের পরীক্ষা F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।
- সকল 'F' গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম 'D' গ্রেড এ উন্নীত করতে হবে। 'F' গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B⁺ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।
- ২০১৯ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত ০১টি পত্রে (N=Absent) ২০২১ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

ফরম পূরণের নিয়মাবলি পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর কর্তৃক ০৯ মে ২০২২ তারিখের বিজ্ঞপ্তি নং-জাতীঃবিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০১০/(৩১৩৬)/৫৫১৪ অনুসরণ করতে হবে।

(বিঃদ্র: ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন প্রকার সুযোগ নাই)

প্রয়োজনে: ড. আব্দুল মালেক, সহযোগী অধ্যাপক, গণিত (মোবাইল নম্বর: ০১৭১৬৪৭৯১৪৬) ও জনাব মোঃ জিয়াউর রহমান, সহযোগী অধ্যাপক, ইংরেজি (মোবাইল নম্বর: ০১৭১৫৫৬০৭৯৬)।

সরকারি নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

প্রতি স্বাক্ষর
২২/০৫/২০২২
(প্রফেসর মো. আবু বকর সিদ্দিক)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

আহ্বায়ক
১ম বর্ষ অনার্স পরীক্ষা কমিটি-২০২১
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি:

১. উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র কলেজ।
৩. হিসাব শাখা ও ক্যাশ শাখা, অত্র কলেজ।
৪. ওয়েব সাইট, অত্র কলেজ।
৫. অফিস নথি।